



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd

নং বামাশিবো/রিক/দাখিল তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/অনুমতি/ফুলবাড়ীয়া-ময়মনসিংহ-১৭/

তারিখ: / / ২০১৬

অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ২৮/০৪/২০১৬ তারিখের নং ৩৭.০০.০০০০.০৭২.০৬.০০৩২. ১২.৯৮৬ সংখ্যক স্মারকপত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে সংশ্লিষ্ট শিক্ষকের বেতন ভাতাদি প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদরাসা কর্তৃপক্ষ অঙ্গীকারনামা জমা দেওয়ায় ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলাধীন বড়বিলা বাজার ডাকঘরের অন্তর্গত ভবানীপুর বেতবাড়ী মহিলা ফাজিল মাদরাসায় দাখিল ৯ম শ্রেণিতে 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' বিষয় খোলার একাডেমিক অনুমতি নির্দেশক্রমে নিম্নবর্ণিত শর্তে ০১/০১/২০১৬ তারিখ হতে দেওয়া হলো। মাদরাসার কোড নং 11918, EHN: 111465.

পালনীয় শর্তাবলী:

১. সকল শ্রেণি ও সকল বিভাগের চূড়ান্ত পরীক্ষার ফলাফল গুণগত ও সংখ্যাগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে।
২. জনবল কাঠামোর নীতিমালা ও শিক্ষক নিবন্ধন আইন অনুযায়ী শিক্ষক ও কর্মচারী নিয়োগ করতে হবে/ থাকতে হবে।
৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের শিক্ষককে সরকার অনুমোদিত প্রশিক্ষণ কেন্দ্র হতে প্রশিক্ষণ গ্রহণের সনদ থাকতে হবে।
৪. প্রশিক্ষণের সুবিধার্থে কম্পিউটার সংখ্যা বৃদ্ধি করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মো: আবুল বাসার)

মাদরাসা পরিদর্শক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক

ভবানীপুর বেতবাড়ী মহিলা ফাজিল মাদরাসা

ডাকঘর- বড়বিলা বাজার, উপজেলা- ফুলবাড়ীয়া, জেলা- ময়মনসিংহ।

নং বামাশিবো/রিক/দাখিল তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/অনুমতি/ফুলবাড়ীয়া-ময়মনসিংহ-১৭/ ৩০/১/১০ তারিখ: ২২ / ১ / ২০১৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, পলাশি-নীলক্ষেত্র, ঢাকা।
৪. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৭. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।
৮. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৯. উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
১০. সংরক্ষণ কপি।

(মো: হোসেন)

উপ-পরিদর্শক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।